



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIH: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

E-mail: cdhakacommercecollege@yahoo.com, Website: www.dcc.edu.bd, Facebook: Dhaka Commerce College

স্মারক নং : ঢাকক-

তারিখ : ০৯/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১ম পর্ব পরীক্ষা ২০২৩ আগামী ০৬/০৬/২০২৩ হতে ২২/০৬/২০২৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান ৬০ এবং সময় ২ (দুই) ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ এবং CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। ৩য় ও ৪র্থ বিষয়ের পরীক্ষার জন্য রোল নম্বর অনুযায়ী পৃথক সিট প্ল্যান থাকবে। ৩১/০৫/২০২৩ ও ০১/০৬/২০২৩ তারিখ নিজ নিজ শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের মাঝে প্রবেশপত্র বিতরণ করা হবে। পরীক্ষা প্রস্তুতির জন্য ০৪/০৬/২০২৩ ও ০৫/০৬/২০২৩ তারিখ শ্রেণি কার্যক্রম স্থগিত থাকবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

১. প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
২. পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
৩. পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি সঙ্গে আনা যাবে না;
৪. পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
৫. পরীক্ষার হলে কলম, পেন্সিল, ইরেজার, ফেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
৬. পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
৭. পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
৮. পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
৯. উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেন্সিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেন্সিল দিয়ে লেখা যাবে না।
১০. প্রবেশপত্র হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
০৬/০৬/২০২৩ (মঙ্গলবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:০০টা-১২:০০টা
০৮/০৬/২০২৩ (বৃহস্পতিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	১০:০০টা-১২:০০টা
১১/০৬/২০২৩ (রবিবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:০০টা-১২:০০টা
১৩/০৬/২০২৩ (মঙ্গলবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:০০টা-১২:০০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
১৫/০৬/২০২৩ (বৃহস্পতিবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১০:০০টা-১২:০০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
১৮/০৬/২০২৩ (রবিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	১০:০০টা-১২:০০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
২০/০৬/২০২৩ (মঙ্গলবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:০০টা-১২:০০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
২২/০৬/২০২৩ (বৃহস্পতিবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	১০:০০টা-১২:০০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	

অধ্যক্ষ

উপাধ্যক্ষ

আহ্বায়ক (পরীক্ষা কমিটি, একাদশ)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক